

বিষয় : বেগুনবাড়ির ভেঙ্গেপড়া দালানে ক্ষতিগ্রস্থ ও নিমতলীতে আগুনে পোড়া উপদ্রুত জনগণের জন্য সাহায্যে এগিয়ে আসার আহ্বান।

গত ০১/৬/২০১০ (মঙ্গলবার) এবং ০৩/৬/২০১০ (বৃহস্পতিবার) তারিখ বেগুনবাড়ি ও নিমতলীতে যে মর্মান্তিক দুর্ঘটনা ঘটে গেল তাতে অনেক পরিবার একদিকে যেমন নিকট স্বজনকে হারিয়েছেন, অপরদিকে অনেকেই মারাত্মকভাবে আহত হয়েছেন। যাঁরা ঐ দুর্ঘটনা দু'টোর শিকার হয়েছে, তাঁরা সর্বস্ব হারিয়ে কেউ মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন বা পঙ্গুত্ব বরণ করতে চলেছেন। নিমতলীর মর্মান্তিক ঘটনায় জাতি 'শোক দিবস' পালন করেছে। তাঁদের সূচিকিৎসা প্রদান করে পুনর্বাসন এবং কর্মজীবনে প্রবেশ করাতে প্রয়োজন হবে বিশাল অংকের টাকা।

পূর্বে এনজিওগুলো সাগ্রহে দ্রুততার সাথে উপদ্রুতদের সাহায্য সহায়তা দিতে এগিয়ে এসেছে। এ দুর্ঘটনায় সকলে হাতে হাত মিলিয়ে সাহায্য করেছে। এ নিঃস্ব ও স্বজনহারা পরিবারকে সাহায্য করতে আবারো এনজিওগুলো এগিয়ে এসে আরো একবার প্রমাণ করবে বাংলাদেশে এনজিওগুলোর আন্তরিক ও সর্বাঙ্গিক সহযোগীতা সর্বদাই আছে।

এনজিও বিষয়ক ব্যুরো সকল এনজিওকে এ দু'টো দুর্ঘটনার শিকার সকল পরিবার/ব্যক্তিকে সহায়তা প্রদান চিকিৎসা এবং পুনর্বাসনে এগিয়ে আসতে বিশেষভাবে আহ্বান জানাচ্ছে।